# পরিচালনা কী

- পরিচালনা বলতে অবকাঠামোর খোলা-বন্ধকে বোঝায়।
- এ খোলা-বন্ধের বিষয়টি অবশ্যই সকল শ্রেণীপেশার মানুষের অংশগ্রহনের ভিত্তিতে হতে হবে।
- উপ-প্রকল্পের পানি ব্যবস্থাপনা পরিকল্পনা অনুযায়ী নির্মিত ভৌত অবকাঠামো সমূহের পানি ব্যবস্থাপনা ও পানি বন্টন সম্পর্কিত ক্রিয়া সম্পাদনকে নির্দেশ করে।



# রক্ষণাবেক্ষণ কী

- পানিসম্পদ ব্যবস্থাপনা উপ-প্রকল্পে নির্মিত অবকাঠামোগুলো নির্মাণ করা হয় এ বিবেচনায় যে নির্মাণ পরবর্তী নিরবচ্ছিন্ন রক্ষণাবেক্ষণ প্রচেষ্টা অব্যাহত থাকবে;
- রক্ষণাবেক্ষণ বলতে নির্মিত ভৌত অবকাঠামোর কার্যকারিতা সংরক্ষিত রাখার প্রচেষ্টাকে বোঝায়।



# রক্ষণাবেক্ষণের শ্রেণি

ক্ষুদ্রাকার পানি সম্পদ ব্যবস্থাপনা উপ-প্রকল্পের রক্ষণাবেক্ষণ নিম্নবর্ণিত তিনটি শ্রেণিতে বিভক্ত।

- নিয়মিত রক্ষণাবেক্ষণ

  ছোটখাট মোরামত কাজ, এ জাতীয় কাজের মধ্যে রয়েছে এমন সব কাজ যা অবকাঠামোগুলোকে তার ডিজাইন দক্ষতা পূনরুদ্ধার করে।

- সময়ান্ত রক্ষণাবেক্ষণ

  সময়ান্তর রক্ষণাবেক্ষণ কাজের মধ্যে রয়েছে এমন কিছু কাজ যার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণের তুলানায় অনেক বেশি অর্থের প্রয়োজন। সাধারণত সময়ান্তর রক্ষণাবেক্ষণের মধ্যে রয়েছে বিশেষ রক্ষণাবেক্ষণ, পূননির্মাণ এবং সংস্কার কাজ অন্তর্ভূক্ত।

- জরুরি রক্ষণাবেক্ষণ

  পানি সম্পদ উপ-প্রকল্পের অনাকাঙ্খিত ক্ষতি যা প্রাকৃতিক দূর্যোগ থেকে উদ্ভুত তা সংষ্কার করা জরুরি রক্ষণাবেক্ষণের আওতাভূক্ত।

# নিয়মিত রক্ষণাবেক্ষণ কাজ

## খালের নিয়মিত রক্ষণাবেক্ষণ

- খালের পলি অপসারণ;
- স্কাওয়ার হোলগুলো ভরাট করা।

## খালের সময়ান্ত রক্ষণাবেক্ষণ

- নিষ্কাশন খালের পুনঃখনন;
- ঢালের প্রোটেশন কাজসহ উল্লেখযোগ্য ইরোশন সংস্কার;
- পাড়ের প্রোটেশন কাজ।

# রক্ষণাবেক্ষণ পিরামিড

যদি কর নিয়মিত রক্ষণাবেক্ষণ;
কমে যাবে সময়ান্তর রক্ষণাবেক্ষণ;
হবে না প্রয়োজন জরুরি রক্ষণাবেক্ষণ।



# খালের নিয়মিত রক্ষণাবেক্ষণ কাজ

- খাল থেকে যে কোন ধরনের প্রতিবন্ধকতা অপসারণ
- খালের পলি অপসারণ
- খালের তলায় সৃষ্ট গর্ত (স্কাওয়ার হোল) গুলো ভরাট করা
- খালের পার্শ্ব ঢালের ধসন মেরামত
- খাল থেকে জলজ উদ্ভিদ অপসারণ



# খালে চাঁই পেতে মাছ ধরা নিষিদ্ধ করতে হবে

চাঁই পানি প্রবাহে বাঁধাগ্রস্থ করে পলি পাত বৃদ্ধি করে।



# খালের মধ্যে পাট জাক নিষিদ্ধ করতে হবে

এ ভাবে খালের মধ্যে পাট জাক
দিলে খাল ভরে যাবে,
রক্ষণাবেক্ষণ ব্যয় বাড়বে !!!

পাট জাকের আধুনিক পদ্ধতিগুলো
জেনে নেই !!!



# খালের মধ্যে ধান চাষ নিষিদ্ধ করতে হবে

ধান কাটার পর ধানের গোড়া থেকে যায়, যা খাল ভরাটে সহায়ক হয় এবং রক্ষণারক্ষণা ব্যয় বৃদ্ধি করে।





# খালে এ ভাবে আড়াআড়ি বাঁধ দিয়ে মাছ ধরা নিষিদ্ধ করতে হবে

খালের মধ্যে এ প্রতিবন্ধকতা পানি প্রবাহে বাধার সৃষ্টি করে পলি পাত বাড়ায়; ফলে রক্ষণাবেক্ষণ ব্যয় বৃদ্ধি পায়।



# খালের পলি অপসারণ

বর্ষা শেষে যৌথ পদপরিক্র কালে লাইন্ড সেকশন ব্যবহার করে খালের পলির পরিমাপ করতে হবে।





# খালের পার্শ্ব ঢালের ধসন মেরামত

খালের পার্শ্ব ঢালের ধস খাল ভরাট করে পানি প্রবাহে বাঁধা সৃষ্টি করে খালের পাড়ে ভাঙ্গন ধরায়। সুতরাং অতিদ্রুত ধস অসারণ করা জরুরি।



# খাল থেকে জলজ উদ্ভিদ অপসারণ

খালে জলজ উদ্ভিদ জন্মে পানি প্রবাহে বাধার সৃষ্টি করে পলি পাত বাড়ায়; ফলে রক্ষণাবেক্ষণ ব্যয় বৃদ্ধি পায়।



# পাবসস অফিস ঘরের রক্ষণাবেক্ষণ

- পাবসস অফিস ঘর রং করা;
- অফিসঘরের চালের টিন প্রতিস্থাপন করা।



# পরিচালন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা প্রণয়ন

১) পাবসসের ব্যবস্থাপনা কমিটি ও পরিচালন ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি উপ-প্রকল্প অবকাঠামোসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা তৈরী করার জন্য সভা করে একটি কর্ম পরিকল্পনা গ্রহন করবে এবং অবকাঠামোসমূহ যৌথ পরিদর্শনের দিন নির্ধারণ করবেন;

২) সংশ্লিষ্ট উপজেলার উপ-সহকারী প্রকৌশলী, সিও, প্রকল্পের সহকারী প্রকৌশলী, সোসিও-ইকোনমিস্ট এবং পাবসস এর ওএন্ডএম উপ-কমিটির সদস্যরা যৌথ পরিদর্শনে অংশগ্রহণ করবেন;

৩) উপ-প্রকল্পের অবকাঠামোসমূহ যৌথ পরিদর্শনের পর পরিদর্শনে অংশগ্রহণকারী সকলে সংশ্লিষ্ট পাবসসের অফিসে ফিরে আসবেন এবং আলোচনার ভিত্তিতে পরিচালন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা তৈরী করবেন;





# পরিচালন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা প্রণয়ন

৪) পরিচালন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা তৈরীর পর পাবসসের ব্যবস্থাপনা কমিটি বার্ষিক সাধারণ সভায় এটি অনুমোদন করবে;

৫) কাছাকাছি সময়ের মধ্যে যদি বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের সম্ভাবনা না থাকে তবে বিশেষ সাধারণ সভা আহ্বান করে এটি অনুমোদন করিয়ে নিতে হবে



# পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এর প্রাতিষ্ঠানিক কাঠামো (নিষ্কাশন/পানি সংরক্ষণ/বন্যা ব্যবস্থাপনা উপপ্রকল্প)

- ৩ জন পাবসস ব্যবস্থাপনা কমিটি থেকে
- ৩ জন মহিলা সদস্য
- জমির মালিক ও মৎস্য চাষী প্রতিনিধি

পাবসস ব্যবস্থাপনা কমিটি

↓

ও এন্ড এম উপ-কমিটি (৯-১২)

↓

গেট অপারেটর (প্রতিটি গেটের জন্য একজন)



# পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস)

সাধারণঃ

পরিচালন ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি গঠন করা।

মাসিক সভার এজেন্ডাতে ওএন্ডএম সম্পর্কে আলোচনা অন্তর্ভুক্ত করা।

ক্ষুদ্রঋণ ও লাভজনক কার্যক্রম থেকে লাভের অংশ যাতে ওএন্ডএম তহবিলে জমা দেওয়া হয় তার ব্যবস্থা করা।

পাবসস কর্তৃক ওএন্ডএম খাতে নিজস্ব তহবিল ও স্বেচ্ছাশ্রমের মাধ্যমে খরচের হিসাব পাঠানো।

জরুরী রক্ষণাবেক্ষণের স্বার্থে এলজিইডি'র সাথে যোগাযোগ করা।

প্রতি বৎসর নিয়মিত ও ছোটখাটো জরুরী রক্ষণাবেক্ষণের স্বার্থে ওএন্ডএম তহবিল সংগ্রহের ব্যবস্থা করা।

প্রতিটি উপ-প্রকল্পে তহবিল উত্তোলনের কি কি উৎস আছে তা চিহ্নিত করা।

# পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস)

পরিচালনাঃ

গেইট ঠিকমত উঠা নামা করে কিনা তা বর্ষার পূর্বে নিশ্চিত করা।

গেইট অপারেটর নিয়োগ করা।

যে সকল উপ-প্রকল্পে পানি সংরক্ষণের ব্যবস্থা আছে সেখানে সুষ্ঠু পরিচালনার জন্য পরিচালনা ক্যালেন্ডার করা এবং পানির চাহিদার সময় নির্ধারণ করে সে মোতাবেক গেইট পরিচালনা করা।

গেইট পরিচালনার সময় পানি সমতল রেজিষ্টারের লিপিবদ্ধ করা।

সেচের পানি সরবরাহের সময় উপকারভোগীদের মাঝে দ্বন্দ্ব হলে তা নিরসনের লক্ষ্যে বিশেষ সভার ব্যবস্থা করা।

# পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস)

রক্ষণাবেক্ষণঃ

প্রতি বৎসর বর্ষা শেষে ও বর্ষা আরম্ভের পূর্বে অবকাঠামো সরজমিনে পরিদর্শন করা।

বর্ষা শেষে পরিদর্শনের আলোকে রক্ষণাবেক্ষণ প্ল্যান প্রণয়ন ও বাজেট নির্ধারণ করা।

বাজেটে নিয়মিত ও জরুরী কাজ চিহ্নিত করা।

রক্ষণাবেক্ষণের কাজ যাতে যথাসময়ে সমাপ্ত করা যায় সে বিষয়ে দৃষ্টি রাখা।

যে সকল জরুরী রক্ষণাবেক্ষণ কাজ সরকারী তহবিল থেকে করা হবে তা সুষ্ঠুভাবে হচ্ছে কিনা সে বিষয়ে পর্যবেক্ষকের কাজ করা।

স্বেচ্ছাশ্রমে আগাছা ও পলি অপসারণের উদ্যোগ গ্রহণ করা।

# ও এন্ড এম উপ-কমিটি দায়িত্ব
# (নিষ্কাশন/পানি সংরক্ষণ/বন্যা ব্যবস্থাপনা উপপ্রকল্প





- পরিচালনা ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও তা সাধারণ সদস্যদের নিকট উপস্থাপন;
- গেট অপারেটর নিয়োগ ও তদারকি;
- প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ, সুবিধাভোগীদের থেকে ও এন্ড এম তহবিল সংগ্রহ;
- হিসাব সংরক্ষণ ও প্রতিবেদন পেশ।

# পরিচালনা ও রক্ষণাবেক্ষণ তহবিলের উৎস

- উপ-প্রকল্প বাস্তবায়নের পূর্বে উপকারভোগীদের নিকট হতে সংগৃহীত অনুদান;
- সদস্যদের থেকে প্রতিমাসে একটি নির্দিষ্ট (শেয়ার-সেভিংসের অতিরিক্ত) অংকের চাঁদা আদায়;
- ফসল কাটার মৌসুমে একটি নির্দিষ্ট হারে ফসল সংগ্রহ;
- বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থা থেকে উপকারের জন্যে জমি অনুপাতে চার্জ ধার্য করা;
- সমিতির বিভিন্ন অর্থকরী বা উপার্জনমূলক প্রকল্পের লভ্যাংশের একটি অংশ;
- এলাকায় মৎস্য চাষের সুযোগ থাকলে সে মৎস্য প্রকল্পের আয়ের একটি অংশ;
- কোন স্থানীয় সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের উন্নয়ন অনুদান;
- জলমহাল ও অন্যান্য ইজারা ও বন্দোবস্তলব্ধ আয়;
- উপ-প্রকল্পের অধীনে পরিচালিত বনায়ন থেকে আয়;
- উপ-প্রকল্পের অধীনে উন্নয়কৃত খালের পানি সেচকার্যে ব্যবহৃত হলে উপকারভোগীদের নিকট হতে নির্ধারিত হারে চার্জ আদায়;
- কৃষি ব্যবসা থেকে আয়ের একটি অংশ;
- সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থ।